দর্শনা সীমান্তে বাংলাদেশি যুবককে বিএসএফের ধরে নিয়ে যাওয়ার অভিযোগ

চুয়াডাঙ্গার দর্শনা জয়নগর সীমান্ত এলাকা থেকে এক বাংলাদেশি যুবককে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) ধরে নিয়ে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, দর্শনা জয়নগর গ্রামের মৃত কালু মিয়ার ছেলে জুলফিকার আলী (২০) গতকাল শনিবার বিকেল আনুমানিক ৩টার দিকে দর্শনা ও গেদে সীমান্তের রেললাইনের দুই পাশে ঘাস কাটছিলেন। এ সময় ভারতীয় বিএসএফ টহল দল তাকে আটক করে নিয়ে যায়।

পরিবারের দাবি, বাংলাদেশ-ভারত সীমান্তের মেইন পিলার ৭৫/৩ এস-এর কাছে শূন্য লাইনের নিকটে ঘাস কাটার সময় তাকে আটক করা হয়। তাদের অভিযোগ, বিএসএফ সদস্যরা দাবি করেন তিনি সীমান্তের নিরাপত্তা বেড়া কাঁটছিলেন এ অভিযোগে তাকে ধরে নিয়ে যাওয়া হয়।

জানা গেছে, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর দর্শনা বিওপির প্রতিপক্ষ ভারতের ৩২ ব্যাটালিয়ন বিএসএফের গেদে ক্যাম্পের টহল দল ওই বাংলাদেশি যুবককে আটক করে গেদে থানায় সোপর্দ করে।

এ বিষয়ে চুয়াডাঙ্গা ৬ বিজিবির কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্নেল নামজুল হাসান বলেন, তিনি বিষয়টি শুনেছেন। তার ভাষ্য অনুযায়ী, সীমান্ত এলাকায় নিরাপত্তা নেট কাটার সময় বিএসএফ তাকে আটক করে ভারতীয় থানায় হস্তান্তর করেছে।